গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।

নং-০৩.৭০৩.০১৪.০০.০০.১৮৪৪.২০১৮-৫০০১   তারিখঃ ২৭/০৯/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ ২০১৮-১৯ অর্থ বছরে আশ্রয়ণ প্রকল্পের মাটির কাজ বাস্তবায়নের জন্য গমের বরাদ্দাদেশ।

নিম্নোক্ত আশ্রয়ণ-২ প্রকল্পের বর্ণিত প্রকল্প বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অনুকূলে ০৭ নং কলামে বরাদ্দাদেশ প্রদান করা হ'ল।

ক্রঃ নং	জেলা	উপজেলা	আশ্রয়ণ প্রকল্পের নাম/কাজের বিবরণ	অনুমোদিত গমের পরিমাণ (মে. টন)	পূর্বে ছাড়কৃত গমের পরিমাণ (মে. টন)	বর্তমানে ছাড়কৃত গমের পরিমাণ (মেঃ টন)	
						অংকে	কথায়
১	২	৩	৪	৫	৬	৭	৮
১	মুন্সিগঞ্জ	সিরাজদিখান	হাজীগাঁও	১১৮.৫৩৬	০.০০০	৬০.০০০	ষাট দশমিক শূন্য শূন্য শূন্য
২	ফরিদপুর	নগরকান্দা	মাঝিকান্দা	২০.৩০০	০.০০০	২০.৩০০	বিশ দশমিক তিন শূন্য শূন্য
৩	জামালপুর	ইসলামপুর	কুলকান্দি জিগাতলা	৪৩৮.০২৯	০.০০০	২২০.০০০	দুইশত বিশ দশমিক শূন্য শূন্য শূন্য
৪	চাঁদপুর	হাইমচর	জয়নাল মৃধার কান্দি	৪৯১.৬৯৪	০.০০০	২৪৫.০০০	দুইশত পঁয়তাল্লিশ দশমিক শূন্য শূন্য শূন্য
৫	দিনাজপুর	খানসামা	কাচিনীয়া	৩৯.১৮৬	০.০০০	৩৯.১৮৬	উনচল্লিশ দশমিক এক আট ছয়
৬	রংপুর	মিঠাপুকুর	জারুল্লাপুর আশ্রয়ণ প্রকল্পের উচ্চতা বৃদ্ধি।	১০২.৭১২	০.০০০	৫৫.০০০	পঞ্চান্ন দশমিক শূন্য শূন্য শূন্য
৭	চাপাই নবাবগঞ্জ	চাপাই নবাবগঞ্জ সদর	দূর্লভপুর	৬৩১.৭১০	০.০০০	৩১৫.০০০	তিনশত পনের দশমিক শূন্য শূন্য শূন্য
৮	সিরাজগঞ্জ	সিরাজগঞ্জ সদর	বর্ণি	৪৫৮.৬১৮	০.০০০	২৩০.০০০	দুইশত ত্রিশ দশমিক শূন্য শূন্য শূন্য
মোট				২,৩০০.৭৮৫	০.০০০	১,১৮৪.৪৮৫	এক হাজার একশত চুরাশি দশমিক চার আট পাঁচ

০২। প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে সংশ্লিষ্ট জেলা প্রশাসক উপজেলা পর্যায়ে বরাদ্দকৃত গমের বিপরীতে উপ-বরাদ্দাদেশ জারী করবেন। কাজ সমাপ্তির তারিখ ৩১ ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ।

০৩। প্রকল্পের জন্য বরাদ্দকৃত খাদ্যশস্য দ্বারা নির্ধারিত তারিখের পূর্বে মাটির কাজ সমাপ্ত করে ৭ দিনের মধ্যে সমাপ্তি প্রতিবেদন আশ্রয়ণ প্রকল্প কার্যালয়ে পৌঁছাতে হবে। মাটির কাজের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে আশ্রয়ণ প্রকল্প কার্যালয়ে পৌঁছাতে হবে।

০৪। প্রকল্পটি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচীর আওতায় প্রকল্প গ্রহণ, প্রণয়ন, অনুমোদন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ পরিপত্র (ডিসেম্বর' ২০১৪) অনুসরণ করে বাস্তবায়ন করতে হবে। তবে যে সকল প্রকল্পে সুবিধাভোগী পরিবার বসবাস করছে সেখানে প্রকল্প বাস্তবায়ন কমিটিতে সমাজকর্মী হিসেবে সংশ্লিষ্ট আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীদের দ্বারা পরিচালিত সমিতি কর্তৃক নির্বাচিত দুইজন সদস্য অর্ন্তভুক্ত করতে হবে।

০৫। উপর্যুক্ত প্রকল্পের অনুকূলে চলতি অর্থ বছরে ইতোমধ্যে অন্য কোন উৎস/সংস্থা হতে খাদ্যশস্য বরাদ্দ করা হয়ে থাকলে সে প্রকল্পের জন্য কোন খাদ্যশস্য ব্যবহার না করে বরাদ্দ আদেশ বাতিলের জন্য প্রস্তাব অত্র দপ্তরে প্রেরণ করতে হবে।

০৬। প্রকল্পের কাজ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জেলা প্রশাসকের পক্ষে তত্ত্বাবধান ও নিয়মিত পরিবীক্ষণ করবেন এবং অত্র কার্যালয়কে অবহিত করবেন।

০৭। প্রকল্পের খাদ্যশস্যের সরবরাহ আদেশ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণ জারী করবেন এবং সংযুক্ত ড্রয়িং ও ডিজাইন মোতাবেক কাজ সম্পাদন নিশ্চিত করতঃ প্রকল্পের কাজ সমাপ্তির ৭ দিনের মধ্যে সমাপ্তি প্রতিবেদন আশ্রয়ণ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করবেন। যথা সময়ে সমাপ্তি প্রতিবেদন প্রেরণে ব্যর্থতা কর্তব্যে অবহেলা হিসেবে গণ্য করা হবে।

০৮। বরাদ্দ পত্রের সঠিকতা যাচাই করার লক্ষ্যে প্রকল্প পরিচালকের স্বাক্ষরের সাথে 'emboss' সীল মিলিয়ে দেখতে হবে।

০৯। প্রাক-জরিপকালীন সময়ে প্রদর্শিত উৎস হতে মাটি সংগ্রহ করতে হবে। অন্যথায় কর্মোত্তর জরিপে পূর্ব নির্ধারিত লিড ও লিফ্ট বিবেচনা করা হবে না।

১০। যে সকল প্রকল্পে মাটির কাজ অসমাপ্ত থাকবে কর্মোত্তর জরিপে সে সকল প্রকল্পের লেভেলিং, ড্রেসিং ও টার্ফিং আইটেম বিবেচনা করা যাবে না। শুধুমাত্র মাটির কাজ গ্রহণযোগ্য হবে না।

১১। সংযুক্ত ড্রয়িং ও ডিজাইন মোতাবেক কাজটি সম্পাদন করতে হবে। প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প এর পূর্বানুমোদন ব্যতিরেকে প্রস্তাবিত প্রকল্পস্থান/ডিজাইন পরিবর্তন করা যাবে না।

১২। যে সকল প্রকল্পে বালি দ্বারা ভরাট করা হবে সে সকল প্রকল্পের চর্তুপার্শ্বে কমপক্ষে ৮ (আট) ফুট চওড়া (উপরের অংশ) করে মাটির রিং বাঁধ করতে হবে এবং বালু ভরাটের উপর কমপক্ষে ১ (এক) ফুট মাটি দ্বারা ফিলিং করতে হবে।

১৩। প্রকল্পের প্রাক- পরিমাপ ও চুড়ান্ত পরিমাপের সময় প্রকল্পের ফটো/ছবি সংগ্রহ করে তা নথিতে সংরক্ষণ ও আশ্রয়ণ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১৪। সরকারী প্রচলিত বিধি এবং উপর্যুক্ত নির্দেশাবলীর আলোকে মাটির কাজ বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হ'ল।

(আবুল কালাম শামসুদ্দিন)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
(ফোন: ৯১২৪১০০)

জেলা প্রশাসক
মুন্সিগঞ্জ/ফরিদপুর/জামালপুর/চাঁদপুর/দিনাজপুর/রংপুর/চাঁপাই নবাবগঞ্জ/সিরাজগঞ্জ।

সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ।

২. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২/৯৩, মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা।
(তাঁকে প্রয়োজনীয় পরিবহণ ও আনুষঙ্গিক অর্থের বরাদ্দ পত্র জারি করার জন্য অনুরোধ করা হ'ল)।

৪. বিভাগীয় কমিশনার, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/রংপুর/রাজশাহী বিভাগ।

৫. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা।

৬. জেলা খাদ্য নিয়ন্ত্রক, মুন্সিগঞ্জ/ফরিদপুর/জামালপুর/চাঁদপুর/দিনাজপুর/রংপুর/চাঁপাই নবাবগঞ্জ/সিরাজগঞ্জ।

৭. উপজেলা নির্বাহী অফিসার, সিরাজদিখান,মুন্সিগঞ্জ/নগরকান্দা,ফরিদপুর/ইসলামপুর,জামালপুর/হাইমচর,চাঁদপুর/খানসামা,দিনাজপুর/মিঠাপুকুর,রংপুর/চাঁপাই নবাবগঞ্জ সদর, চাঁপাই নবাবগঞ্জ/সিরাজগঞ্জ সদর,সিরাজগঞ্জ।

৮. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিরাজদিখান,মুন্সিগঞ্জ/নগরকান্দা,ফরিদপুর/ইসলামপুর,জামালপুর/হাইমচর,চাঁদপুর/খানসামা,দিনাজপুর/মিঠাপুকুর,রংপুর/চাঁপাই নবাবগঞ্জ সদর, চাঁপাই নবাবগঞ্জ/সিরাজগঞ্জ সদর,সিরাজগঞ্জ।

৯. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিরাজদিখান,মুন্সিগঞ্জ/নগরকান্দা,ফরিদপুর/ইসলামপুর,জামালপুর/হাইমচর,চাঁদপুর/খানসামা,দিনাজপুর/মিঠাপুকুর,রংপুর/চাঁপাই নবাবগঞ্জ সদর, চাঁপাই নবাবগঞ্জ/সিরাজগঞ্জ সদর,সিরাজগঞ্জ।